



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস

আগ্রাবাদ, চট্টগ্রাম।



তথ্যবিবরণী

নম্বর:১৯৩/চ

শিশুর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ প্রতিরোধে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম ৩০ অগ্রহায়ণ (১৫ ডিসেম্বর):

আজ জেলা তথ্য অফিস চট্টগ্রাম এর আয়োজনে ইউনিসেফ এর সহযোগিতায় আঞ্চলিক তথ্য অফিস চট্টগ্রাম এর সম্মেলন কক্ষে শিশু, কিশোর-কিশোরী ও নারী উন্নয়নে সচেতনতামূলক প্রচার কার্যক্রম শীর্ষক প্রকল্পের আওতায় শিশুর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ প্রতিরোধে জেলা পর্যায়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে চট্টগ্রাম জেলা তথ্য অফিসের পরিচালক সাইদ হাসান এর সভাপতিত্বে চট্টগ্রাম আবাসন পরিদপ্তরের উপপরিচালক মুনতাসীর জাহান মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। এসময় জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিসের সহকারী পরিচালক মাহেন্দ্র চাকমা, জেলা পরিসংখ্যান অফিসের উপপরিচালক ওয়াহিদুর রহমান, সিনিয়র তথ্য অফিসার বাপ্পী চক্রবর্তী, মেট্রোপলিটন কৃষি অফিসার পার্বতী রানী মিত্র, ইসলামিক ফাউন্ডেশনের সিনিয়র ইন্সট্রাক্টর সুলতান মাহমুদ ভূঁইয়া মুক্ত আলোচনায় বক্তৃতা করেন।

অনুষ্ঠানের শুরুতে জেলা তথ্য অফিসের পরিচালক মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে শিশু, কিশোর-কিশোরী ও নারী উন্নয়নে সচেতনতামূলক প্রচার কার্যক্রম শীর্ষক প্রকল্পের আওতায় শিশুর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন।

পাওয়ার পয়েন্ট উপস্থাপনায় সহিংসতা কী? কোন কোন আচরণে শিশুরা শিক্ষা প্রতিষ্ঠানে ও বাসা বাড়িতে কীভাবে শিশুরা সহিংসতার শিকার হয় এবং কীভাবে শিশুর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ রোধ করা সম্ভব হবে সে বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়।

আবাসন পরিদপ্তরের উপপরিচালক মুখ্য বক্তার বক্তৃতায় বলেন, প্রতিযোগিতামূলক শিক্ষা ব্যবস্থার সাথে তাল মিলাতে পরিবারগুলো প্রতিনিয়ত অসম প্রতিযোগিতায় লিপ্ত হচ্ছে। পরিবারগুলো এ অসম প্রতিযোগিতা শিশুদের সুস্থ ও স্বাভাবিক মনোবিকাশে মারাত্মকভাবে প্রভাব ফেলে। আর এর বলি হচ্ছে দেশের লাখ লাখ শিশু। সুতরাং শিশু, কিশোর-কিশোরী ও নারী উন্নয়নে এবং শিশুর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ প্রতিরোধে নতুন প্রজন্মকে প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি পারিবারিক ও ধর্মীয় শিক্ষায় আরো বেশি শিক্ষিত করে তুলতে হবে।

সুব্রত/আহসান/বাবুল/রাজ্জাক, ১৭.৩০ টা ঘন্টা, ২০২৪।